

আপনি কি চিন্তিত?

রোগী, আত্মীয়-
স্বজন এবং
যত্নকারীদের
জন্য তথ্য।

এই লিফলেটটি এমন কিছু তথ্য প্রদান করে যা আপনি বা আপনার প্রিয়জন হাসপাতালে থাকাকালীন সহায়ক হতে পারে।

আপনি হঠাৎ অসুস্থ বোধ করলে, আপনার ওয়ার্ড টিমের কাছ থেকে সাহায্যের জন্য কল করুন।

মার্থাস রুল কী

মার্থাস রুল হলো হাসপাতালে ভর্তি থাকা রোগী, তাদের বন্ধু/পরিবার এবং হাসপাতালের কর্মীদের জন্য একটি রোগী নিরাপত্তা পরিষেবা। রোগীর অবস্থা নিয়ে কোনো উদ্বেগ বা আশঙ্কা থাকলে রোগী, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, যত্নকারী অথবা হাসপাতালের কর্মীরা পরামর্শ এবং সাহায্যের জন্য কল করতে পারেন। **এই পরিষেবাটি আগে 'কল ফর কনসার্ন' নামে পরিচিত ছিল।**

মার্থাস রুল পরিষেবাটি কারা পরিচালনা করেন?

মার্থাস রুল মূলত বিশেষজ্ঞ অ্যাডাল্ট ক্রিটিক্যাল কেয়ার নার্সদের একটি দল দ্বারা পরিচালিত হয়, যারা গুরুতর অসুস্থ রোগীদের সেবায় ওয়ার্ডের কর্মীদের সহায়তা করার জন্য 24 ঘণ্টা নিয়োজিত থাকেন। রোগীর অবস্থার মধ্যে কোনো লক্ষণীয় পরিবর্তন দেখা দিলে তারা টেলিফোনের মাধ্যমে পরামর্শ দিতে পারেন এবং/অথবা রোগীর অবস্থা পর্যালোচনার জন্য সরাসরি ওয়ার্ডে আসতে পারেন। আপনার উদ্বেগ বা আশঙ্কার বিষয়ে এই দলটি সংশ্লিষ্ট কনসালটেন্ট বা টিমের সাথেও আলোচনা করতে পারে।

কখন মার্থাস রুল পরিষেবার সাথে যোগাযোগ করবেন

- যখন আপনার/রোগীর অবস্থার একটি উল্লেখযোগ্য পরিবর্তন ঘটে এবং ওয়ার্ড টিমের সাথে আলোচনা করার পরেও আপনার উদ্বেগগুলোর কোনো সমাধান করা না হয়।
- ওয়ার্ডের নার্স বা ডাক্তারদের সাথে কথা বলার পরেও যদি আপনার চিকিৎসা সংক্রান্ত উদ্বেগ বা আশঙ্কা অব্যাহত থাকে।

কখন মার্থাস রুল পরিষেবার সাথে যোগাযোগ করবেন না

- মার্থাস রুল হলো একটি রোগী-নিরাপত্তা পরিষেবা। এটি বিছানা, রুম, খাবার বা পার্কিংয়ের সমস্যার মতো সাধারণ সমস্যাগুলোর অভিযোগ জানানোর জন্য ব্যবহার করা উচিত নয়।
- মার্থাস রুল কোনো চিকিৎসা সংক্রান্ত নিয়মিত তথ্য বা সাধারণ দ্বিতীয় মতামতের জন্য নয়।

এই সমস্যাগুলো নিয়ে আলোচনা করার জন্য অনুগ্রহ করে কোনো স্টাফ সদস্য, ইন-চার্জ নার্স-এর সাথে কথা বলুন অথবা ওয়ার্ড ম্যানেজার বা ম্যাট্রন-এর খোঁজ করুন।

মার্থাস রুল পরিষেবা এবং একটি সাধারণ দ্বিতীয় মতামতের মধ্যে পার্থক্য

মার্থাস রুল পরিষেবাটি তীব্র বা আকস্মিক শারীরিক অবনতির অর্থাৎ অ্যাকিউট ডিটেরিওনেশন জন্য। রোগীর অবস্থা ক্রমাগত খারাপ হতে থাকলে এবং ওয়ার্ডের টিমের কাছে উদ্বেগ প্রকাশ করার পরেও যদি তার কোনো সমাধান না হয়, তবে পর্যালোচনার অনুরোধ করার জন্য এটি হাসপাতালের কর্মী, ভর্তি থাকা রোগী বা তাদের বন্ধু/পরিবারের জন্য তৈরি করা হয়েছে।

মার্থাস রুল পরিষেবার সাথে কীভাবে যোগাযোগ করবেন

ক্রিটিক্যাল কেয়ার আউটরিচ টেলিফোন নম্বর: 07775 821211

- উপরে দেওয়া নম্বরে সরাসরি কল করুন।
- অনুগ্রহ করে একটি মেসেজ রেখে যান এবং যত দ্রুত সম্ভব আপনাকে কল ব্যাক করা হবে।
- অনুগ্রহ করে মনে রাখবেন যে, টিমটি নির্দিষ্ট করে কখন কল-ব্যাক করবে তা জানাতে পারবে না, কারণ তারা অন্য রোগীদের সঙ্গে ব্যস্ত থাকতে পারেন। তবে, যত দ্রুত সম্ভব তারা আপনাকে কল-ব্যাক করবে।

আপনি যখন কল করবেন তখন আমাদের যা জানা প্রয়োজন

- আপনার নাম অথবা যে রোগীকে নিয়ে আপনি চিন্তিত তার নাম এবং যোগাযোগের নম্বর।
- আপনি অথবা তিনি কোন ওয়ার্ডে আছেন।
- আপনার উদ্বেগ বা আশঙ্কার একটি সংক্ষিপ্ত বিবরণ।

এর পরে কী হবে?

ক্রিটিক্যাল কেয়ার আউটরিচ টিমের একজন সদস্য আপনার কলটি রিসিভ করবেন। ক্লিনিশিয়ান আপনাকে টেলিফোনের মাধ্যমে সাহায্য করতে পারেন অথবা আপনার উদ্বেগগুলো নিয়ে আলোচনা করতে সরাসরি ওয়ার্ডে আসতে পারেন এবং পরবর্তী পরামর্শ ও সহায়তার জন্য সংশ্লিষ্ট টিমের সাথে যোগাযোগ করতে পারেন। ওয়ার্ড টিমের সাথে পরবর্তী পদক্ষেপগুলো নিয়ে আলোচনা করার আগে রোগীর সম্মতি

নেওয়া হবে এবং তারপরে প্রয়োজন অনুযায়ী আপনাকে সর্বশেষ তথ্য জানানো হবে।

আপনি যদি এই লিফলেটটি ইমেইল আকারে, বড় অক্ষরে, ব্রেইল পদ্ধতিতে বা অন্য কোনো ভাষায় পেতে চান, তবে অনুগ্রহ করে **01225 825656** নম্বরে পেশেন্ট সাপোর্ট অ্যান্ড কমপ্লেনটস টিমের সাথে যোগাযোগ করুন।



Royal United Hospitals Bath NHS Foundation Trust
Combe Park, Bath, BA1 3NG

01225 428331 | www.ruh.nhs.uk

প্রকাশের তারিখ: জানুয়ারি 2026 | রেফারেন্স: RUH CCM/010
© Royal United Hospitals Bath NHS Foundation Trust